# স্বদেশ/SWADESH

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন উত্তর আমেরিকা (বিএমএএনএ)
BANGLADESH MEDICAL ASSOIATION NORTH AMERICA (BMANA)
২৬ মার্চ ২০২১, বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী দিবস।



## প্রেসিডেন্টের বাণী

স্বাধীনতা দিবসেব শুভেচ্ছা
বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎসবে সবাইকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। অনেক ত্যাগ, তিতিক্ষা, দুর্ভোগ, রক্ত ঝরানো এবং নিদারুণ অত্যাচারের পর বিশ্বে আমরা আজ মাথা উঁচু করে দাঁড়িয়েছি। বাংলাদেশের স্বাধীনতার জন্য যারা প্রাণ দিয়েছেন, আহত কিংবা পঙ্গু হয়েছেন তাদের বিনম্র শ্রদ্ধা জানাই। আমাদের স্বাধীনতার জন্য ভারত, অন্যান্য দেশ এবং অনেক বিদেশী নাগরিকের সাহায্য এবং সহানুভূতির জন্য গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি। আমাদের মুক্তি যুদ্ধের সময় তৎকালীন প্রবাসীদের এবং মুক্তিকামী দেশের মানুষের অবদান অনস্বীকার্য। দীর্ঘ দিন প্রবাসে থেকেও দেশের প্রতি আমাদের গভীর মমতা এবং ভালবাসা এখনো অম্লান। বাংলাদেশের উত্তরোত্তর উন্নতি এবং সাধারণ লোকের সুখ এবং স্বাচ্ছন্দ্য কামনা করছি। সবার প্রতি শুভকামনা।
এম জিয়াউর রহমান
প্রেসিডেন্ট,



## Secretary’s Message

March 26, 1971 Independent Day declaration done by our national patriotic leader Bangabandhu Sheikh Mujibur Rahman. Since then we have been celebrating this important national day every year as the Independence day of Bangladesh. It commemorates Bangladesh’s declaration of independence from Pakistan. This is just 50 years of our liberation. The greatest sacrifice of our leaders and numerous freedom fighters will be remembered. My gratitude goes to all our freedom fighters and the entire Bengali nation.
Fazlul H Yusuf, M.D
Secretary, BMANA



Dr. Bashir Ahmed
Treasurer, BMANA, Jacksonville, Florida

I am happy to be part of the initiative of Bangladesh Medical Association North America, to make it memorable for our members and their children on the auspices of 50th Anniversary of Bangladesh Independence. Physician Community were the largest group to help our Freedom fighters, treating the injured and eventually made the ultimate sacrifice. My generation was very young at that time, we learned about their sacrifices from reading books and old newspapers. I am hoping BMANA will take initiative to archive the history written by our Physician Freedom fighters. We do not like to see these valuable pieces of history gone away from our next generation. At end I pray for all the Physician and their family who sacrificed to free our country, gave us an identity, and give birth to a country named Bangladesh.
Salute to you all!

## Editorial:



Md Yusufal Mamoon
Scientific and Social Secretary, BMANA

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে সবাইকে অভিনন্দন। শ্রদ্ধা জানাই লাখ শহীদদের, বীর মুক্তিযোদ্ধাদের। চিকিৎসক মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন কিছু স্মৃতি সংগ্রহে রাখার উদ্দেশ্যে বিএমএএনএ-এর এই ছোট্ট প্রচেষ্টা। সবার সম্মিলিত প্রচেষ্টায় আশা করি ভবিষ্যতের আয়োজন আরও সুন্দর হবে।



**My Memories**
**- Golam Kabir Choudhury M.D**

In April 1971, I joined Bangladesh liberation war by travelling to Meghalaya, state of India. I was trained by Indian army & began my duties as a group leader of Derai Sulla Upazilla, Sunamganj district. We operated under the command of Major Mir Shawkat Ali (later General) in sector 5. At the time, I was a second year Dhaka medical college student.

During my time as a freedom fighter, I joined multiple guerilla operations & direct front line battles. In one particular battle in August, I suffered facial injury in a fight with the Pakistan army in the village Betauka under Jagannathpur Upazilla ,Sylhet. Here is the story I left my forces in Betauka village and went to attend a freedom fighter meeting.After three days, we returned to Betauka village along with Barrister Mirza Matin, our civilian advisor, When we returned at night I was shocked to find the Pakistani army had seized our camp and my group left .My fellow fighter Munir went to check the camp site And immediately we came under fire. There was about 2 hours of gun fighting, during which i was injured on my face, and could not see much with the right eye. During the heat of the gun battle, I decided to save myself by swimming with kachuripana on my head to hide myself from enemy fire. So I jumped into the water in the middle of the night & swam about 2 miles to the next village! I had never been so exhausted in my life nor did I have to escape for my life before, so I am sure that gave me the adrenaline to continue swimming. When I felt I had swam far enough away, I was able to find a safe hideaway at a nearby village who took me in during the night.

The next day I tried to get some medical help from a nearby doctor but suddenly we came under enemy fire from a speed boat. Fortunately, however, the speed boat propeller got enshrouded with shrubs, and Allah (SWT) saved us again. However, Munir, my fellow fighter was caught and killed the next day by the Pakistan army. It was devastating for me to lose a comrade. As a reminder, during the rainy season in this area, these are haor areas, and villages are like a floating island. our mode of transportation was only Boat I decided to go back to india for medical help and with the help of local MP,i was sent to Shilong military hospital where I was finally treated for 2 weeks. I came back and joined as company commander. We did confront the Pak military in DeraiSulla area multiple times and finally finally we liberated Jagannatthpur Upazilla. After liberation, I surrenderd my military weapon at Sunamganj and went back to medical school in February 1972 What I saw during my time as a freedom fighter was the suffering of people inside the country and even worse in refugee camp in Meghalaya state of india, people died of cholera and other infectious disease in massive numbers. People were forced to live in thickly populated camps with no food or drink to buy. The camps were intentionally placed in very isolated areas, where people were not allowed to travel without camp authority permission.i witnessed the Amazing spirit of Freedom Fighters and love fot their country, so much so that even 14 year old boys wanted to join wanted to join the liberation war. None of my fellow freedom fighters complained about any of the hardships they faced. We had no money to buy anything while in India and we all blended together regardless of diverse backgrounds. We all ate the same food in India. We were all served wit Labra (rice & dal mixture) everyday and inside the country we ate all types of food donated by Freedom loving people.

With 2021 marking the 50th anniversary of the liberation of Bangladesh, I am very happy and extremely proud to have faced the greatest challenge of our generation by joining the fight and contributing to the freedom of Bangladesh for my generation and for all those after us. I hope the next 50 years for Bangladesh lead to an even brighter future of development

-Golam kabir choudhury, Lake City, Florida
Specialty: Internal Medicine/ Pulmonary. Ed Fraser Memorial Hospital, Mccllenny Florida
Graduate: Dhaka Medical College 1976
Founder and First President: BMANA Florida Chapter
Convenor: Bmana National Convention 2009 & 2017



**Saleh Z. Sarwar, M.D, FACC, Freedom fighter 1971. Sector-2 and K-Forces. Email address: sarwar53@gmail.com**

Beyond the Thunder
“Two roads diverged in a wood, and I —
I took the one less traveled by,
And that has made all the difference.”
-Robert Frost

Thunder, But No Rain

I awoke from sleep in the middle of the night with a loud noise. I thought it was thunderstorms, but there was no rain. Dhaka’s skyline was in flames, screaming sounds were coming from all directions. It was March 25, 1971, midnight. In that moment, I matured 100 years. I was a 1st year medical student dreaming of saving lives, but that night transformed me into a nuke. The next few days, there was a curfew in Dhaka and in all major cities of East Pakistan. On March 28, the curfew was lifted and I went out to witness the war on unarmed Bengali civilians of East Pakistan by the president of Pakistan, General Yahya Khan.

It was a tragic sight of death and destruction all around. Thousands of corpses dumped all over the city; people were

leaving the city with their families to find a secure place. There was panic in everyone's eyes: Dhaka became a city of death in one night. Bongobondhu Sheikh Mujibur Rahman was arrested and taken to West Pakistan.

Soon our amputated spirit molded into a rage of patriotism. We wanted our independence—no turning back. I was desperately looking for an opportunity to join the 'Mukti Bahini' –the "freedom fight"— but nothing surfaced until July 1971 when I fortunately found Faruk Ahmed, my mentor from Jatrabari, Dhaka. He is the one who guided me to Malaghor Camp, Sector-2 in Agartala, India, where he was already enlisted. Faruk died (Shahid) in December 1971 during a guerrilla operation just before independence. There is a road named after him ("Shahid Faruk Sharak") in Jatrabari, Dhaka. To this day, Faruk was one of the most fearless fighters I had ever met.

The Journey

My journey began at the end of July 1971. I was full of thrill and excitement when I started my trip to Agartala, India. It was like half the battle was already won. Public transportation was prohibited for freedom fighters and was randomly checked by the Pakistani Army. Instead, we went to Chandina, Comilla and then crossed the C&B highway to Boxanagar, the border of Tripura, India.

It was a long journey, as most of it was walking and country boat ride. We were taking directions from villagers who, without our asking, helped us with food and shelter. After reaching Agartala, India, my first duty was to inform my parents of my safe arrival. Because there was no direct communication between India and Pakistan because of the Bangladesh liberation war situation, I sent an aerogramme to England to my cousin requesting thatshe let my family know that I was safe.
Finally, with the help of Faruk, I arrived at Malaghar Camp, Sector- 2 Headquarters. I was interviewed by a junior commission officer for about 25 minutes before he assigned me to platoon 4 for my training.

Discipline, Discipline and Discipline.

Before my mentor Faruk recruited me for Malaghor, he warned me a fewtimes that it was quite a difficult training: the barracks are congested and the food is horrible, he said. None of those things mattered to me. My mind was set for independence of Bangladesh at any cost.

The next 6 weeks were the most physically challenging time of my life. We would start the day at 4:30 a.m. with physical training. Around 6:30 a.m., we would eat breakfast with handmade, uneven, half-baked, half-burned breads and milk-less tea. The day would end at 4 p.m. with dinner because there was no electricity in the barracks.

The next class after breakfast was weapons, arms and ammunition. We were taught how to dismantle guns, clean them after use, and put them back together. We were training in small groups by a Subedar major or Battalion Havildar major on .303 rifle, Chinese LMG, LMG, Chinese 7.62 rifles, G3 rifles, Indian SLR and others. Knowledge of the effective range of each rifle and small arms helped us in the guerrilla operations in urban and rural areas. Interestingly, our instructors were Bengali but mostly spoke Urdu during our classes. They apologized repeatedly for their habits and said that, in Pakistan, they were trained in Urdu and that was the only way.

Target practice took place twice a week with different weapons, and keeping a high score was essential. Hand-to-hand combat, self-defense, camouflage, and grenade training were taught repeatedly.

Our Commanders

Khaled Mosharraf, commander sector-2, Brigade commander of K-forces. ATM Haider, camp commander and second in command of the K-forces, General MAG Osmani. Commander in chief of Bangladesh forces, Brigadier Shabeg Singh of the Indian army. The only civilian person as liaison officer was Badol Bahi (Shahidullah Khan) of Dhaka University.

I was fortunate enough to see General Osmani twice, and met him personally once.

ATM Haider was in charge of guerrilla operations and was teaching us almost on a daily basis about urban guerrilla warfare and different types of explosive, detonators, switches and charges.

First Taste of Success

All the trainees were anxious to get into action, but our commanders told us to have patience as we were not ready for action. Finally, I got a call from Badol Bahi along with few others from Jatrabari area. It was the briefing for an operation on Saidabad Bridge. It was the first operation for few of us, and we were too excited to sleep that night. The plan was meticulously prepared except for 'recce' the bridge thoroughly before blowing it up. If going to Melaghor Camp was difficult, returning to Dhaka with PEK explosive, grenades and stun guns was almost unfeasible— but we did it. Our operation critically damaged the bridge, stopping traffic to Narayanganj for more than a week, causing the Pakistani Army to set up a bypass road.It was a victory indeed. The first taste of success.

We returned for two more major operations later: one to blow up the Jatrabari electricity sub station, which cuts off the electricity supply for Dhaka from Siddhirgong power station, and the other was to blow up a petrol pump in the Jatrabari area.

We were told to use urban guerrilla tactics to hurt the Pakistani Army as much as possible without losing our

lives, and at the same time, remind Dhaka inhabitants that we are in war.

The Cost of Victory

Our victory day, December 16, 1971, came after a long fight against Pakistan, when Pakistani forces surrendered to joint forces of Mukti Bahini and Indian forces at Ramna Racecourse in Dhaka. The independence of Bangladesh came at a huge cost of lives known, like my friend Faruk, and many unknown.

When our commanders ordered us to surrender our weapons, we did and went back to our respective schools, colleges and universities as students again.

“If blood is the price of independence, then Bangladesh has paid the highest price in history.” London Times (1971).

Saleh Z. Sarwar, MD, FACC
Freedom Fighter 1971.
Sector-2 and K-Forces.
DMC batch K-29.

## বীর মুক্তিযোদ্ধা মরহুম মেজর (অব:) খুরশীদ আলম চৌধুরী
**রুকসানা খুরশীদ**



মেজর (অব:) খুরশীদ আলম চৌধুরী

বিএমএএনএ-এর সাবেক প্রেসিডেন্ট ড. মাকসুদ চৌধুরীর ভাই এবং আমার বাবা মরহুম মেজর (অব:) খুরশীদ আলম চৌধুরী একজন অকুতোভয় মুক্তিযাদ্ধা ছিলেন। খুব বেশি স্মৃতি আমার কাছে নেই। তার জীবনের বেশির ভাগ গল্প আমার মায়ের মুখে শোনা। তিনি ১৯৬৭ সালের ২৭ এপ্রিল পাকিস্তান মিলিটারী একাডেমীতে (পি.এম.এল.) যোগদান করেন। একই বছরের ২৯ অক্টোবর তিনি কমিশনপ্রাপ্ত হন। অতঃপর উনি গোলন্দাজ বাহিনীতে (আর্টিলারী) নিয়োগ পান।

১৯৭০ সালে ৩১ ফিল্ড রেজিমেন্টে ক্যাপ্টন হিসেবে লাহোর সেনানিবাস থেকে বদলিহয়ে ঢাকা সেনানিবাসে যোগদানের পরপরই মুক্তিযুদ্ধ শুরু হয়। মা বলতেন , মুক্তিযুদ্ধের সময়ে ঢাকা ক্যান্টনমেন্টে একরকম বন্দী জীবনযাপন করেছিলেন তারা। পাকিস্তানি হানাদার বাহিনীর অফিসার কর্নেল মোজাফ্ফর আলী খান প্রায়ই সন্ধ্যাবেলা আসতেন; আমার বাবাকে তাদের জীপে উঠিয়ে নিয়ে শহরে ঘুরতেন আর ইন্টোরোগেট করতেন। তিনি বাবাকে বিভিন্ন প্রশ্ন করতেন -
কোথায় তাদের ঘাঁটি রয়েছে? পূর্ব পাকিস্তান সেনাবাহিনী কী কী কৌশল অবলম্বন করছে? অথবা কোন কোন আর্মি অফিসার মুক্তি যুদ্ধের স্বপক্ষে রয়েছে ইত্যাদি ইত্যাদি।

আমার মা বলতেন, যখন ওরা আমার বাবাকে নিয়ে যেতো, বাবা ফিরবেন কি ফিরবেন না এই চিন্তায় মা যেন জানটা হাতে নিয়ে বসে থাকতেন। বাবা ঘরেফিরতেন ক্লান্ত-শ্রান্ত অবস্থায়। দিনগুলো কী বিভীষিকাময় ছিল তখন! এমনকি আম্মার গতিবিধিও কঠিন নজরদারিতে রাখা হতো।
তবে, বাবা নিজ বাসভবনে অন্যান্য বাঙালি অফিসারদের সাথে গোপন বৈঠকে মিলিত হতে। আর এসব বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অন্যান্য বাঙালি অফিসারদের কাছে পৌঁছে দিতেন আমার মা মোমেনা আক্তার। এ কারণে ২৫ মার্চের কাল রাত্রিতে অন্যান্য আরো কয়েকজন অফিসারের সাথে আমার বাবা ক্যাপ্টেন খুরশীদও গ্রেফতার হন।

আমার বাবাকে ফায়ারিং স্কোয়াডে নিয়ে যাওয়া হলো। একজন সুইপার বাবাকে অন্যান্য বন্দীদের সাথে দেখে আমার মাকে এসে বলেন, “মেম সাহেব, স্যারকে তো গুলি করতে নিয়ে গেছে”। আমার মা সেই অবস্থায় ওই লোককে নিয়ে ছুটে যান বাবার কাছে। তিনি গিয়ে দেখলেন আমার বাবার শরীর থেকে সবগুলো ব্যাজ খুলে নেওয়া হয়েছে; যা কিনা একজন সেনাকর্মকর্তার জন্য চূড়ান্ত অসম্মানজনক।

বাবার মুখটা নিচু, আরো কয়েকজনের সাথে তিনিও মৃত্যুর প্রস্তুতি নিচ্ছেন। আমার মা খুব ভালো উর্দু বলতে পারতেন, আর তাই কর্নেল জাহিদ মাকে একটু সমীহ করতেন।
এমনকি তিনি নাকি একবার বলেছিলেন যে, মা’র বয়সী তার একটি কন্যাসন্তান রয়েছে পাকিস্তানে। আমার সাহসী আর নির্ভীক মা একবার শেষ চেষ্টা করলেন এই অস্ত্র ব্যবহার করতে। মা উর্দুতে বললেন, আজ যদি আপনার মেয়ে আমার জায়গায় থাকতো, আপনি কি পারতেন আপনার মেয়ে জামাইয়ের বুকটা বুলেটের আঘাতে ঝাঝরা করে দিতে?

সেই অফিসার কী মনে করে যেন আমার বাবাকে সেদিন ছেড়ে দিয়েছিলেন। এভাবে আমার সাহসী মা বাবাকে মৃত্যুর মুখ থেকে ছিনিয়ে নিয়ে এসেছিলেন।
মার কাছে শোনা আরেকটি ঘটনাও আমার মনে দাগ কেটে আছে। আমার বাবার পায়ে একটি গভীর ক্ষতচিহ্ন ছিল। সেই ক্ষতের কথা জানতে চাইলে মা বলেছিলেন, আমার বাবাকে আরেকবার বন্দী করে সিলেটে নিয়ে যাওয়া হয়েছিল, বাবাকে পাকিস্তান সেনারা জীপে করে বন্দী অবস্থায় যখন নিয়ে যাচ্ছিলো বাবা তখন গাড়িচালককে লাথি দেওয়ায় গাড়ি উল্টে পরে গিয়েছিল খাদে।
আমার বাবা আহত অবস্থাতেই পালিয়ে আশ্রয় নিয়েছিলেন একটি গ্রামে। বাবা যেহেতু সেনাবাহিনীর পোশাক

পরিহিত ছিলেন আর তিনি দেখতে ছিলেন খুবই সুদর্শন, গড়পরতা বাঙালিদের তুলনায় ফর্সা আর কটা-চোখের অধিকারী।
অতএব, নিরীহ গ্রামবাসীরা ভেবে নিয়েছিল তিনি কোন পাকিস্তানী অফিসার। কিন্তু পরে বাবার মুখে বাংলা ভাষা শুনে ওরা আশ্বস্ত হয়ে বাবাকে প্রাথমিক চিকিৎসা, খাবার আর পরিষ্কার কাপড়ের যোগান দেন। তারপর বাবা হাসপাতালে বেশকিছু দিন চিকিৎসাধীন ছিলেন।

সিলেট থেকে পালিয়ে গিয়ে তিনি ভারতে প্রবেশ করে অষ্টম ইন্ডিয়ান মাউন্টেইন ডিভিশনে মেজর জেনারেল কৃষ্ণা রাও এর অধীনে মুক্তিযুদ্ধ চালিয়ে যান।
পরবর্তীতে তিনি প্রথম মুজিব ব্যাটেলিয়ানে যোগদান করে মিরপুর পলায়ন করেন।

কিন্তু অপারেশন চলাকালীন সময়ে পাকিস্তান বাহিনীর কামানের গোলায় তিনি মারাত্মক আহত হন।
তাকে মুমূর্ষু অবস্থায় হেলিকপ্টারে করে চিকিৎসার জন্য আগরতলায় উড়িয়ে নিয়ে যাওয়া হয়। সে সময় তার শরীরে রক্তের প্রয়োজন দেখা দেওয়ায় তাকে রক্ত প্রদান করা হয়। দুঃখজনক হলো, এই রক্ত সঞ্চালন প্রক্রিয়ার সময় তিনি হেপাটাইটিস সি ভাইরাসে আক্রান্ত হন, যা পরবর্তীতে লিভার সিরোসিসের রূপ ধারণ করে। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাকে দেখতে যান বঙ্গবীর মেজর জেনারেল ওসমানী। ওসমানী বলেন, খুরশীদ, তুমি ভাগ্যের জোরে বেঁচে গেছো। সত্যিই তুমি বীর! বীরের কোন মৃত্যু নেই।

১৯৭২ সালে খুরশীদ আলম চৌধুরী মেজর পদে উন্নতি লাভ করেন। এ রকম ছোট ছোট কয়েকটি ঘটনাই আমার স্মৃতিতে আছে, যেগুলো আজ এই অগ্নিঝরা মার্চে মনে পড়ছে। যুদ্ধের পর থেকেই বাবার শরীর ভাঙতে শুরু করে। বাবা ১৯৮১ সালে মাত্র ৩৯ বছর বয়সে লিভার সিরোসিস রোগে আক্রান্ত হয়ে এই পৃথিবীর মায়া ত্যাগ করে চলে যান। তবে, আমার বাবাকে নিয়ে আমরা সবাই খুবই গর্বিত। তার এই নাতিদীর্ঘ জীবনেও তিনি সাফল্যের চিহ্ন রেখে গেছেন প্রতি পদে পদে। যে কয়দিন বেঁচেছেন বাবা বীরের মতই বেঁচে গেছেন।



Cumilla Cantonment; Major Khurshid with President. Sheikh Mujibur Rahman,

General. K.M Shafiullah, *General Ziaur Rahman* and Tofail Ahmed



ছবি: মেজর (অব:) খুরশীদ আলম চৌধুরী

## কিছু কথা

ড. মাকসুদ চৌধুরী



১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে আমাদের পরিবারের অনেকেই পাকিস্তান আর্মিতে বিভিন্ন পর্যায়ে দেশের জন্য যুদ্ধ করেছেন। আমার বড় ভাই মফিজুল আলম চৌধুরী অনেক হিন্দু পরিবারকে থাকার জায়গা করে দিয়েছিলেন যাদের বাড়িঘর পুড়িয়ে দিয়েছিল রাজাকার বাহিনী। শুধু তাই নয় তাদেরকে নিরাপদ এবং সুরক্ষিত রক্তে অনেক খেয়ে আমাদের বাড়িতে জায়গা দিয়েছিলেন।

আমার আরেক ভাই মেজর খুরশিদ আলম চৌধুরী, পাকিস্তান আর্মির অফিসার, ১৯৭১ সালের ২৫শে মার্চ ঢাকা ক্যান্টনমেন্টে

গ্রেফতার হয়েছিলেন। তার সম্পর্কে কিছুটা তথ্যতার কন্যা রোকসানা রশীদ ইতোমধ্যে উপর্যুক্ত নিবন্ধে প্রকাশ করেছেন।

আমার ভাই শামসুল আলম চৌধুরী পাকিস্তানের ইসলামাবাদে ফরেন এফেয়ার্সে কাজ করতেন। যুদ্ধের সময় তিনি পাকিস্তান থেকে লুকিয়ে বাংলাদেশে আসার সময় ধরা পড়েন এবং সেখানে তিনি দুই মাস জেলে ছিলেন। পরবর্তীতে জামিনে মুক্তি পাওয়ার পর পাকিস্তান থেকে আফগানিস্তান-ভারত হয়ে বাংলাদেশে ফিরে আসেন।

আমার আরেক ভাই মাসুদ আলম চৌধুরী চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় মুক্তিবাহিনীতে কাজ করতেন।

আমার মত অনেক পরিবারের সদস্য, মহান স্বাধীনতা যুদ্ধে পাকিস্তান আর্মিতে থেকে বিভিন্ন পর্যায়ে দেশের স্বাধীনতার জন্য যুদ্ধ করেছেন, জীবন দিয়েছেন।

মহান আল্লাহতায়ালা বাংলাদেশ, আমেরিকা তথা গোটা পৃথিবীকে অতিমারিসহ অন্যান্য ধ্বংসযজ্ঞ থেকে রক্ষা করুন।

- মাকসুদ চৌধুরী, এমডি, এমআরসিপি (ইউকে), এফএএপি প্রাক্তন প্রেসিডেন্ট, বিএমএএনএ।



I am Akm Quyyum, MD, currently working as an Assistant Director, Department of Psychiatry, Queens Hospital Center.

First, I salute to all of my country men/women who died and were injured during the Liberation War of Bangladesh. I also salute those who returned safely after the Liberation War. I want to salute all of my country men and women. I am a Freedom Fighter. In 1971, I was a first year college student [science] in Dhaka College. We went to attend Bangobandhu's Bhasan at Race Course Maidan on March 7th, 1971. On March 9th, we left college and went back home. From March to June of that year, I was residing at my village (Lochnapara). Bar-at-Law (Barister) Korban Ali (Kaijuri), his battalion of Rajakers, and Pakistani's army raided our village (Shazadpur Thana, Pabna now Sirajganj district) almost everyday. My friends and I decided to go to India to join the Liberation War. Despite my mother's fears and crying, I felt a duty to my country. First, we went to Roumari Youth Camp through the Jamuna River. After spending 10 days in the Youth Camp, we went for Guerilla Training at Panighata (Shiliguri) under the Indian Army. After completing Guerilla Training, I joined the Regular Force to fight against the Pakistan Army. I was a Section Commander of Section 3, Platoon 1. I took part in a successful military operation at Fhulbari, Chirir-Bandar, Hilli (in Dinajpur) and Bogra. I was posted inside India, five to six miles from the Fhulbari border (East Pakistan). Every night, we attacked the Pakistan Army, destroyed bridges, culverts, and other roads, and then returned back to Camp. I am very swift, courageous, and an expert in implanting explosives. One day, we went to destroy a bridge near Fhulbari. Our Company was under the leadership of Captain D.S. Dhillon, Company Commander of Alfa-Company, Toofani-Battalian, and Bravo-Sector. One of our Freedom Fighters and I went to the bridge and placed explosives. Within two minutes, we lit the detonator and most of the bridge was destroyed. The Pakistan Army and the Rajakers started to brush fire toward the Indian side, and our entire Backup Group was also firing back. Our Backup Group knew that we were coming back, so they tactfully fired upward, allowing us to safely return to our group. The two of us started crawling and we were able to safely return back. During that fight we captured one Rajaker. I am proud of that experience. After that, Captain D.S. Dhillon wrote about me, "He possesses the spirit of leadership. His talents and exceptional courage was revealed in various operations. As a Section Commander, he showed good command and control." My Freedom Fighter number is 8502. I am proud of my country. My country gave me a lot. I have two sons. My oldest son Imran Quyyum, MD is a nephrologist, and his wife Cynthia Quyyum, MD is an attending. My youngest son Asif Quyyum, MD is a colorectal surgeon, and his wife Saila Quyyum, MD is a gynecologist and specialist in maternal/fetal medicine. My wife was a lawyer in Supreme Court and High Court in Bangladesh. I have so much gratitude toward where I come from, and I wish for everybody from my country to have a good and peaceful life.

**প্রবাসে স্বাধীনতার মশাল**
**-অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ**


অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ

বাংলাদেশের স্বাধীনতার জন্য ১৯৭১- এ যে ভয়ঙ্কর মুক্তিযুদ্ধ মাত্র ৯ মাসের
মধ্যে সমাপ্ত হয়েছিল তার বিশালতার পূর্ণ
বিবরণ দেয়া ইতিহাসেরও অসাধ্য। মুক্তির জন্য যে সংগ্রাম শুরু হয়েছিল তা সমস্ত দেশে শুধু সশস্ত্র যুদ্ধ দিয়ে নয়, প্রত্যেক
ঘরে ঘরে প্রত্যেক দিন প্রাণের ভয় তুচ্ছ
করে ধর্ম ও রাজনৈতিক মতভেদ
নির্বিশেষে বাংলার মানুষ তাতে অংশ গ্রহণ করেছিল। রক্তের বন্যার ভিতর দিয়ে,
লক্ষ কোটি মানুষের বিসর্জনের মূল্য দিয়ে, ধ্বংসস্তূপের উপর দাঁড়িয়ে স্বাধীনতার পতাকা উড়িয়েছিল- কী অমূল্য ছিল সেই স্বাধীনতা!
বাংলার মানুষ যে অসাধ্য সাধন করার মন্ত্রে
একদিন ঝিলিক দিয়ে উঠেছিল আজকের দিনে তার
প্রতিফলনের অঙ্গীকারের সময় এসেছে।

উত্তর আমেরিকায় প্রবাসী বাংলাদেশীদের সংখ্যা দিন দিন বাড়ছে। নতুন দেশে
জীবনের ব্যস্ততা আর মিশ্র সংস্কৃতির চাপে বেশির ভাগ মানুষ দিশেহারা। তবে কিছু সংখ্যক মানুষ সাহসী।
মানুষ অনেক ত্যাগের বিনিময়ে নিজের
ইতিহাস ও ঐতিহ্যকে বুকের কাছে আগলে রাখার চেষ্টা করছেন।এখানে অসংখ্য নতন প্রজন্মের অগ্রযাত্রার বিষ্ময় আমাদের গৌরবের বিষয়।
তবে এই বিশ্বায়নে নিজেদের মূল্যবান ঐতিহ্য ও মহান ইতিহাসের মূল্যবোধ ও
স্বকীয়তা তাদের না শিখালে বৃন্তচ্যুত
ফুলের মত তারা কোথাও ভেসে যাবে;
আর আমরা অনন্ত কালের কাছে তার জন্য দায়ী থাকব।
প্রবাসে তাই যত দিন মুক্তিযুদ্ধের

ইতিহাসের কথা , বঙ্গবন্ধুর কথা, শহীদদের কথা, শহীদ পরিবারের বেদনার কথা, মুক্তিযোদ্ধাদের কথা, সাধারণ মানুষের দুঃখের কথা আমরা স্মরণ করবো ততদিন বাঙালিরা মাথা উঁচু করে রাখার শক্তি পাবে।

প্রবাসে আমাদের ব্যবহার ও আত্মমর্যাদা, জাতি, ধর্ম নির্বিশেষে মানুষকে সম্মান দেবার আলোকে অন্যরা আমাদের ঐতিহ্য, ধর্ম, ও আমাদের সংস্কৃতিকে সন্মান করতে জানবে।না হলে আমরা বিপদজনকভাবে সম্মানের অধিকার হারাবো।

মুজিব বর্ষে সবচেয়ে বড় সন্মান প্রদর্শন হবে যদি আমরা জাতির জনকের স্বপ্ন পুরণে এগিয়ে যাই; আর আমাদের মুক্তির জন্য লক্ষলক্ষ মানুষের আত্মাহুতিকে শ্রদ্ধার সাথে স্মরণ করি। তাদের বিশ্বাস ভঙ্গ না করার প্রতিশ্রুতি গ্রহণ করি। সম্মিলিত বা দলগতভাবে না পারলেও, নিজস্ব অবস্থান থেকে একলাই যেন সেই আদর্শকে ধারণ করতে পারি।
প্রবাসে থাকার জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের আরো কিছু দায়িত্ব বেড়ে গেছে।নিজে সশস্ত্র মুক্তিযোদ্ধা আর মহান শহীদের সন্তান হওয়া হয়তো আরো কিছু তাড়নায় ব্যতিব্যস্ত করে রাখে।

১৯৮০ সালে আমার আমেরিকাতে আসার পর প্রেসিডেন্ট এরশাদের আমলে ( যিনি মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানে ছিলেন এবং মুক্তিযুদ্ধের কথায় বিব্রত হতেন) মুক্তিযুদ্ধের কথা মানুষ কম আলাপ করতো, আর প্রজন্মরা বাংলাদেশে শিক্ষাঙ্গনে মুক্তিযুদ্ধের ইতিহাস শিখতো না তাই একটা বিশাল শূন্যতা সৃষ্টি হয়েছিল।

১৯৮৫ থেকে আমি মুক্তিযুদ্ধের জাগরণী গান ও মুক্তিযোদ্ধাদের বীরোচিত মুহূর্ত ও সীমাহীন বর্বরতার অসংখ্য ছবি সমন্বয়ে মুক্তিযুদ্ধের উপর স্লাইড শো বানিয়ে নিউইয়র্কে বিভিন্ন অনুষ্ঠানে প্রদর্শন করার জন্য ফিলাডেলফিয়া থেকে প্রায়শ ছুটে যেতাম: দর্শকদের চোখ চিকচিক করে উঠতো, কারো কারো চোখে জল, আর স্মৃতিতে নাড়া দিতো বুকের ভিতর সুপ্ত সেই বিশাল আত্মপ্রত্যয়ের ঘটনাগুলি।

ধীরে ধীরে সময়ের পরিবর্তন হলো, লোকারণ্য হলো লোকালয়, বাঙালির জাগরণে আজ নিউইয়র্কসহ বিভিন্ন জায়গায় প্রতিফলিত হয় মুক্তিযুদ্ধের ইতিহাস।

২০০৫ সালে আমেরিকা বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের সভাপতি হিসাবে আমেরিকার পাকিস্তানি মেডিকেল এসোসিয়েশন আমাকে ওয়াশিংটন ডিসিতে তাদের সম্মেলনে যোগ দিতে আমন্ত্রণ জানালো। ভারতীয় মেডিকেল এসোসিয়েশনের সভাপতিও থাকবেন। আমি বললাম, আমি নিশ্চয় যাবো, তবে আমি বাংলাদেশে পাকিস্তানী মিলিটারিদের ১৯৭১ সালের গণহত্যার কথাতুলবো। পাকিস্তানি সভাপতি ঘাবড়ে গেলেন ও বললেন, এই বিষয় কি এই জায়গায় তোলা সমীচীন হবে? আমি বললাম, তাহলে তো যাওয়া হবে না।
পরের দিন একজন আমারো অনেক সিনিয়র বাংলাদেশি ডাক্তার ফোনে বললেন- ঠিক আছে, তুমি সেক্রেটারিকে পাঠিয়ে দাও। বললাম, গেলে আমিই যাব, না হলে কেউ যাবে না।
এক সপ্তাহ পরে পাকিস্তানী মেডিকেল এসোসিয়েশনের সভাপতি ফোনে আমার কথায় তার কমিটি রাজি হয়েছে বলে জানালেন।কিছুদিন পরে ওয়াশিংটন মেরিয়ট হোটেলে অনুষ্ঠানে দেখি আমাদের জন্য বিরাট সুইট রিজার্ভ করা হয়েছে।সান্ধ্য ডিনারের পরে অনুষ্ঠান শুরু। পাকিস্তানের রাষ্ট্রদূত, একজন মন্ত্রী, আমেরিকান তিনজন সিনেটরসহ আরোকিছু বিশেষ ব্যক্তিত্ব নিয়ে সাড়ে তিন হাজারের মত ডাক্তার ও তাদের পরিবার দিয়ে ভর্তি হল।

অনুষ্ঠানের প্রথম দিকে ভারতীয় সভাপতি তার বক্তৃতায় আমেরিকাতে এশিয়ানদের সাথে ইন্সুরেন্স কোম্পানি ও কিছু হাসপাতালের বৈষম্যমূলক ব্যবহার ও এক সাথে তার প্রতিকার করার উপর আলোচনা করেন।
আমাকে পরিচিত করার আগে সভাপতি অত্যন্ত সতর্কতার সাথে যুদ্ধের কথা বলতে গিয়ে বললেন পাকিস্তানী সৈন্যরা ১৯৭১ সালে পূর্বপাকিস্তানে নির্বাচনে জয়লাভ করার পরও ক্ষমতা না দিয়ে যে গণহত্যা করেছিল তার সত্যতা মানুষদের কাছে পৌঁছাতে দেয়নি। পাকিস্তানী অনেক নেতৃত্ব ও বুদ্ধিজীবী

প্রতিবাদ জানিয়েছিলেন এবং জেলও খেটেছেন।তার পর কবি ফয়েজ আহমেদ ফয়েজের একটি উর্দু কবিতা আবৃত্তি করলেন : তাতে পাকিস্তানি সামরিক বাহিনী কর্তৃক সহোদর নিজ দেশবাসী বাঙালীদের গণহত্যার বিরুদ্ধে ছিল আবেগময় জোরালো কণ্ঠ।

তারপর তিনি বললেন, আপনারা জেনে খুশি হবেন আমাদের মাঝে আজকে প্রথমবারের মত উপস্থিত হয়েছেন উত্তর আমেরিকা বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের সভাপতি। বলতেই অবাক হয়ে দেখি আমি স্টেজ উঠা পর্যন্ত সমস্ত হল ভর্তি মানুষ দাঁড়িয়ে তালি দেয়া শুরু করলো। মনে হল এদের সবাই শিক্ষিত হওয়ার জন্য হয়ত অন্ধ হয়ে যায়নি। ইতস্তত না করে শুরু করলাম পাকভারত মহাদেশের এক ক্রান্তিলগ্নে (তখন পাকিস্তান ও ভারত আণবিক বোমা নিয়ে যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে) নেতৃত্বকে আমন্ত্রণ জানাবার জন্য এবং সন্মান জানাবার জন্য ধন্যবাদ। তবে আজ জানাতে এসেছি যে পাকিস্তানী মিলিটারি ও ভুট্টোর রাজনৈতিক দলের সহায়তায় আমাদের নির্বাচনে জয়ী হওয়ার ন্যায্য অধিকার দেয়ার পরিবর্তে ৩০ লক্ষ নিরস্ত্র মানুষকে হত্যা, নারী নির্যাতন এবং সমস্ত দেশে ধ্বংসযজ্ঞ চালিয়েছিল। দুঃখের বিষয় আমাদের এই ইতিহাস আজ ও পাকিস্তানের কাছে উপেক্ষিত।আজকে এখানে আসা তখনি সার্থক হবে যখন সরকারএবং সাধারণ পাকিস্তানিরা আমাদের স্বাধীনতার ইতিহাসকে স্বীকার করে গণহত্যার জন্য অনুতপ্ত হয়ে ক্ষমা চাইবে।

প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে ১০০ মিলিয়ন মানুষকে হত্যা করার পরও

আজকে ই উরোপ, জাপান, রাশিয়া বন্ধুত্ব করেছে। কারণ জার্মানি ও জাপানিরা তাদের পূর্বসূরীর অমানুষিক হিংস্রতার জন্য ক্ষমা চেয়েছিল। আমি বললাম, আমার বাবা ১৯৪৭ এ পাকিস্তান হওয়ার পর ভারতের করিমগঞ্জে নিজ পূর্বপুরুষের ভিটা ছেড়ে পূর্বপাকিস্তানে এসেছিলেন দেশ গড়ার জন্য।তিনি ছিলেন পূর্বপাকিস্তান মেডিকেল এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সেক্রেটারি, প্রথম রিলিফ অর্গানাইজেশন পাকিস্তান অ্যাম্বুলেন্সের প্রতিষ্ঠাতা সভাপতি, শেষ সময়ে সিলেট মেডিকেল কলেজের অধ্যাপক এবং সার্জারির প্রধান ছিলেন,সারা জীবন মানুষের সেবার জন্য বিভিন্ন কাজ করে গেছেন, কোনো দিন রাজনীতি করেননি। তোমাদের সৈন্যরা এপ্রিল মাসে ৯ তারিখে তোমাদের আক্রমণে যখন জনশূন্য সিলেট শহর অথচ হাসপাতাল ভর্তি গুলিখাওয়া রোগী তখন সব ডাক্তার পালিয়ে গেলেন, অথচ তিনি তার একজন ইন্টার্ন, একজন এম্বুল্যান্স ড্রাইভার ও একজন পুরুষ নার্স নিয়ে জীবনের ভয় তুচ্ছ করে সেবার মহান ব্রতে রয়ে গেলেন।

আর এই অবস্থায় পাকিস্তানি সৈন্যরা হাসপাতালের ভিতর ঢুকে তাদের হত্যা করে। তোমরা কীভাবে আশা করো- আমরা এমনিতেই এইসব ভুলে যাবো, ও তোমাদের বন্ধু হয়ে যাবো?

এই উপমহাদেশে শান্তির জন্য একতা প্রয়োজন এবং আমরা আমেরিকা থেকে সেই লক্ষে কার্জক্রম শুরু করতে পারি। আমার বক্তৃতার পরে আমার সাথে হাত মিলাবার জন্য লম্বা লাইন পড়ে।

একটি মেয়ে জোর করে এগিয়ে এসে বললেন : আমার মা একজন মিলিটারী জেনারেলকে থাপ্পড় মেরেছিলেন, কারণ তিনি বড়াই করে বাংলায় হত্যার কথা বলছিলেন। জিজ্ঞেস করা হয়নি কে তার মা. অনেকেই বুকে জড়িয়ে বললেন আপনি ঠিক কথা বলেছেন , আমাদের অনেক অন্যায় হয়েছে।

একজন প্রবীণ সৌম্যকান্তি পুরুষ বললেন, আমি রাজনীতিবিদ আহমেদ খান কাসুরী।আমি ভুট্টোর দল থেকে ১৯৭০ নির্বাচনে লাহোর থেকে সাংসদ হই এবং আমি ভুট্টোর শয়তানি টের পেয়ে তারবিরোধিতা করে ১৯৭১- এ শেখ মুজিবের অধিবেশনে শরিক হওয়ার জন্য ঢাকায় আসি। ভুট্টো আমাকে প্রচণ্ডভাবে তিরস্কার করতেথাকে তথাপি আমি ঢাকায় থাকি এবং ২৫শে মার্চের মিলিটারিদের আক্রমণের পরে মন খারাপ করে শেষ প্লেনে করে লাহোর আসি। এরপর থেকে আমি ভুট্টোর সমালোচনায় মুখর হই। ১৯৭৪ সালে ভুট্টোর লোকজন আমাকে হত্যা করার জন্য গভীর রাত্রে ফেরার সময় আমার গাড়িতে গোলাবর্ষণ করে এবং আমার বাবা নিহত হন। আমি ভুট্টোর বিরুদ্ধে মামলা রুজু করি। ১৯৭৭ সালে, ভুট্টোকে সরিয়ে ক্ষমতায় আসা জিয়াউল হকের সামরিক সরকার ভুট্টোকে ফাঁসি দেয়। আমি অবাক বিস্ময়ে কাসুরির দিকে তাকিয়ে থাকি। তিনি বলেন,তোমরা ভালো করেছো স্বাধীনতা অর্জন করে। এদিকে ওহাইয়োর মার্কিন সিনেটের আমার হাত ধরে বললেন, আপনি তো দারুণভাবে নাড়া দিয়ে গেলেন।

আমার তখন মনে হলো, আমেরিকাতে থাকার জন্য এবং

মেডিক্যাল এসোসিয়শনে নেতৃত্ব দেয়ার জন্য আমার এই কাজটি করার সুযোগ হয়ে গেল।পরে শুনেছি- এই খবর পাকিস্তানের পত্রিকায়ও ছাপা হয়েছিল। পরের বছর আমাদের অণুষ্ঠানে পাকিস্তান এবং ভারতীয় সভাপতিদের আমন্ত্রণ জানাই। পাকিস্তান মেডিকেল এসোসিয়েশনের সভাপতি ম্যাথ কিছুক্ষণ মাথা নিচু করে দাঁড়িয়ে থেকে বললেন- আমি পাকিস্তানের মিলিটারি দ্বারা ১৯৭১ সনে বাংলাদেশে যে গণহত্যা ও ধংশযজ্ঞ সাধিত হয়েছে তার জন্য আপনাদের কাছে ক্ষমা চাইতে এসেছি। অনেক দিন পারিনি। আমাদের নামে তারা আপনাদের যে অসাধারণ ক্ষতি করেছে তা ক্ষমার অযোগ্য। আপনাদের কোনো দুঃখ আমি কমাতে পারবো না-তা জানি। তবু আমাদের অজ্ঞতা ও অযোগ্যতার জন্য ক্ষমাপ্রার্থী। বাংলাদেশী সব ডাক্তার দাঁড়িয়ে করতালির মাধ্যমে তাকে অভিনন্দন জানালেন।

ভারতীয় সভাপতি অত্যন্ত অভিভূত হয়ে বললেন, মনে হচ্ছে এই সম্মিলিত চিকিৎসক সমাজের চেষ্টায় আমরা উপমহাদেশে শান্তির পথ খুঁজে পাবো।

মুক্তিযুদ্ধের বিশাল গণহত্যা আজ সারা বিশ্বের কাছে অজানা। ২০০৮ সালে নিউজার্সির কেইন বিশ্ববিদ্যলয়ে কর্মরত আরিফ নামের একজন বাংলাদেশী তরুণ তার বন্ধুবান্ধব ও ফারুক চৌধুরী নামক একজন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের সাথে মিলে বাংলাদেশের গণহত্যাকে বিশ্বের হলোকাস্ট স্টাডিতে যুক্ত করার জন্য বিশ্ববিদ্যলয়কে অনুরোধ করে। সেইজন্য অনেক তথ্য সামগ্রী উপস্থান করতে হয়। ডঃ নুরুন্নবী এবং ফারুক চৌধুরীর অনুরোধে আমাকে শহীদ পরিবারের উপস্থিতি এবং জবানবন্দির দায়িত্ব দেয়া হয়. ধারেকাছের পরিচিত শহীদ পরিবারের কেউই নোতুন করে বুকে ধরে রাখা দুঃখকে সবার সম্মুখে আবার তুলে ধরতে নারাজ।সমস্ত জীবন শহীদ পরিবার বাংলাদেশের কাছে তুচ্ছ সহানুভূতি ছাড়া আর কিছুই পান নাই।

অনেক বোঝানোর পরে ১৫টি শহীদ পরিবারের লিখিতইতিহাস সংগ্রহ করলাম।সাত আট পরিবার উপস্থিত হলেন তবে অনেকেই কিছু বলার আগেই কান্নায় ভেঙে পড়লেন। বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট অভিভুত হয়ে পরের বছর আরো বড় করে কনভেনসনটি করার দায়িত্ব নিলেন। ২০০৯ সালে বিরাট সম্মেলনে বাংলাদেশের রাষ্ট্রদূত সহ আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্য থেকে অনেকেই যোগ দিলেন, অনেক আমেরিকান যুদ্ধ অপরাধী কর্মী এবং এটর্নি- তথ্যপূর্ণ বক্তব্য দিলেন।ঢাকা থেকে শাহরিয়ার কবিরসহ অনেকে যোগ দিলেন।

বাংলাদেশের গণহত্যার উপর সারাদিনব্যাপী এই সম্মেলনের পরে কেইন বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের গণহত্যা হলোকাস্ট স্টাডিতে অন্তর্ভুক্ত হল। শহীদ পরিবারের এই সব তথ্য সংগ্রহ করতে একটা প্রচণ্ড ধাক্কা খেলাম। আমেরিকাতে পাওয়া এই ১৫টা শহীদ পরিবারে জীবনের দুর্ভোগ ছিল অবর্ণনীয়।

তিন পরিবারের মায়ের মস্তিষ্ক বিকৃত হয়ে গিয়েছিল, দুই পরিবার অর্থের অভাবে পড়াশোনা করতে পারেনি, আত্মীয়রা শিশু সন্তানদের মায়ের কাছে

থেকে আলাদা করে জটিলতা বহুগুণ বাড়িয়ে দিয়েছিল।

মুক্তিযুদ্ধ পরবর্তী সময়ে শহীদ পরিবারের বেঁচে থাকার আপ্রাণ যুদ্ধ আমাদের জাতীয়ইতিহাসে আজও লিপিবদ্ধ হয়নি।
কিছুটা হলেও এই প্রচেষ্টার ফলে
বাংলাদেশে যুদ্ধপরাধীদের বিচারের জন্য শাহরিয়ার কবির আওয়ামী লীগের নির্বাচনী প্রচারণায় একটি আবহ
তৈরি করতে পেরেছিলেন

এতোদিন পরে হলেও
যুদ্ধাপরাধীদের বিচার বাংলাদেশের মানুষের একটি বিরাট প্রাপ্তি।

তবে কথা ছিল একই সাথে যুদ্ধ অপরাধী হাজারো পাকিস্তানী মিলিটারিদেরও
বিচারের জন্য উদ্যোগ নেয়া হবে, কারণ পাকিস্তানী সামরিক বাহিনী-ই আসল যুদ্ধাপরাধী এবং তাদের হুকুমে ও ছত্রছায়ায় বাঙালি যুদ্ধাপরাধীরা গণহত্যায় সহায়তা করেছিল।

আজও শহীদ পরিবারের অনেকেই
পাকিস্তানী যুদ্ধাপরাধীদের বিচারের অপেক্ষায় রয়েছে।

ধর্মীয় রাজনীতির ভিতর লুকিয়ে থেকে যুদ্ধাপরাধীরা বাংলাদেশের অনেক ধর্মীয় মনোভাবাপন্ন
তরুণদেরকে ভুল ইতিহাস শিখিয়ে স্বাধীনতার বিপক্ষ
ধারায় নেবার পাঁয়তারা করতে পেরেছিল,
তবে অনেকেই সত্য ইতিহাস জানার পরে সেই বলয় থেকে বেরিয়ে এসেছে।

প্রবাসী হিসাবে আমাদের দায়িত্ব অনেক।তাই সম্মিলিতভাবে আমাদের গৌরব,

ঐতিহ্য ও ইতিহাসের শিক্ষা প্রজন্ম থেকে
প্রজন্মান্তরে ছড়িয়ে দেয়ার অঙ্গীকারের দিন আজ।

- ডাঃ জিয়াউদ্দিন আহমেদ
অধ্যাপক মেডিসিন এবং নেফ্রোলজি, টেম্পল বিশ্ববিদ্যালয়
অধ্যাপক এমেরিটাস ড্রেক্সেল বিশ্ববিদ্যালয়, ফিলাডেলফিয়া।
প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তণ সভাপতি
( ২০০৩-২০০৫)।
বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন অব নর্থ আমেরিকা।

**Bangladesh Esaay**

**-Idris Siddique, Age 9, New York**



East Pakistan was tiny and it had a lot of people. Most of the government service holders and military were from West Pakistan and they started neglecting and exploiting the East Pakistani people. They took many resources from East Pakistan and exported them to West Pakistan. Also, the capital was in West Pakistan. East Pakistan was struggling, so in 1970, there was an election. In the election, the majority voted for the people from East Pakistan. East Pakistan got 160 seats in the Parliament while West Pakistan got 81. However, the West Pakistani people would not allow a leader from East Pakistan to be a Prime minister. Then, the generals came and on March 25, 1971 they got together and launched an attack on Dhaka. Many people were killed. Many East Pakistani people including my grandfather fled to India. Lots of people came together to form a team of fighters called Freedom Fighters. They were taught how to fight. The supply chain of food and supplies was cut off for the West Pakistani soldiers. So, they grew weaker. India officially declared war against Pakistan and helped the Freedom Fighters. By December the West Pakistan army knew that they couldn't win, and they surrendered. On December 16, 1971 West Pakistani soldiers surrendered and East Pakistan became Bangladesh.

My Grandfather felt great because he was a part of the Liberation War. Still now, he feels proud of all the memories, good and bad, but ultimately, the outcome was great.

- Idris Siddique, Grandson of Dr. Mian Abu Taleb Siddique

**Interview of Dr. Mian Siddique**

- Interview taken by Idris Siddique, Age 9 New York

Idris Siddique: How old were you and where did you live at the time?

Mian Siddique: I was 21 years old when the attack happened and was in medical school. I was on the ground when the army attacked the dormitory. Some students were killed. I escaped and stayed at a distant family member's house for a couple of days. After that, I fled to India and entered the city of Kolkata. From there, I got training such as practicing how to use weapons such as rifles, machine guns, grenades, and dynamite.

Idris Siddique: Are you the only Respected Physician Freedom Fighter?

Mian Siddique: No, there are many others. Many of them were killed during the Liberation War but there were still more. Some were older and some were younger than me.

Idris Siddique: What was it like during the war?

Mian Siddique: It was scary because the West Pakistani army was strong. They had all sorts of weapons and armored cars. India was helpful because they provided shelter and trained us.

Idris Siddique: How did the war impact your life?

Mian Siddique: It impacted on me a lot, because I became proud and became a citizen of an independent country that I helped creating, and even now I feel good.

**Bangladesh's Independence**

**-Zara Siddique, Age 11, NY**



**Zara Siddique**


On March 26, 1971, Bangladesh gained Independence from Pakistan. When India gained Independence from Britain, Pakistan was formed for the Muslims who lived in India. Pakistan was divided into two parts-West Pakistan and East Pakistan.
People in East Pakistan spoke in Bangla.
However, the official language of Pakistan was Urdu. Many people in East Pakistan didn't want to speak Urdu. This was one of the reasons East Pakistan wanted to separate from Pakistan. Another reason East Pakistan wanted to be separated was because even though they made more money for the country, they got less in return. East Pakistan had a greater population than West Pakistan as well. West Pakistan had more political power then. Many East Pakistanis didn't like this so they decided to hold protests and rallies. This led to war and after 9 months long of war, East Pakistan finally became Bangladesh.

The people who fought in the war for independence, or the Liberation War, were called Freedom Fighters. One of those Freedom Fighters is my grandpa. He helped creating East Pakistan Bangladesh and without him and other brave Freedom Fighters, Bangladesh might have still been East Pakistan.

-Zara Siddique, Granddaughter of Dr. Mian Siddique

**Mahad Hoq, Grade 6, Foote School, New Haven Connecticut**






World Mother Language Day is the celebration of different languages, but more specifically on the language of Bangla. Bangla is a language that has been alive since the Egyptians (not). But in 1947, things started to change.
In 1947 the British (as we called them) left the Indian subcontinent dividing into two countries-India and Pakistan. The then East Pakistan, current Bangladesh was 1800 miles away from the West Pakistan, very different in culture and spoke a different language.
At this point, Pakistan took pretty much everything away from Bangladesh. They took away their freedom, police, government, and military. But the worst thing they tried to take away from them was not their flag, but their language. The students of Dhaka Medical College did not like this. They protested a lot, but most of them died. They probably realized that they should stop or all of them would die. There was a monument called "Shahid Minar" for the people who protested, but the Pakistani Police force wrecked it.

The month of February is a prized and sacred one for Bengalis. It reminds us of the sacrifices made for our beloved 'Bangla' language and the rewards it ultimately brought in for Bengalis as a nation.





Fig: The Shahid Minar in 1952 and now after rebuild (collected)

“Ekushey” now has a global significance, too, with the declaration made in 1999 by UNESCO which recognized the date as International Mother Language Day.




The turmoil and unrest continued till 1970. On the night of March 25, the Pakistani Army started to attack the general population after arrest of Banglabandhu Sheikh Mujibur Rahman, leader of then “The Awami League” party. The declaration of independence happened on March 26, 1971. This year we celebrate the 50th anniversary of the independence. I am very lucky to be part of this grand celebration.
The Liberation War of 1971 was the bloodiest war in the country's history, but it was the most rewarding one. Bangladesh got back their freedom, police, government, and military. The most important thing, the people of Bangladesh got back, was their language. Yes, they got it back. Finally, they got it back. They made another monument for the same people who died, and all the other people who died for Bangladesh's independence.



**ডাঃ সিনহা মনসুর**
**২৬ জুন ২০০৬ আমাদের**
**'পাপ-মুক্তির' দিন!**

২০আগস্ট ১৯৭১, শুক্রবার
মাশরুর বিমানঘাঁটি, করাচি, পাকিস্তান

আজ সকালের আকাশটা কুয়াশাচ্ছন্ন ও মেঘলা। মাশরুর বিমানঘাঁটির রানওয়েগুলোও কেমন যেন স্যাঁতস্যাঁতে হয়ে আছে। নবীন পাইলটদের প্রশিক্ষণের জন্যে দিনটিতে মন ভাল নেই।

ফ্লাইট শিডিউলের দিকে চোখ বোলালেন ফ্লাইট লে: মতিউর রহমান। মার্চ মাসে ঢাকায় ক্র্যাকডাউনের পর থেকেই তাকে গ্রাউন্ডেড করে রাখা হয়েছে। বাঙালি পাইলটরা বিমান ছিনতাইয়ের চেষ্টা করতে পারে এই ভেবে পাকিস্তান এয়ারফোর্স কর্তৃপক্ষ সব বাঙালি অফিসারকেই গ্রাউন্ডেড করেছে। ফ্লাইং-এর ধারে কাছেও ওদেরকে ভিড়তে দিচ্ছে না। অথচ তিনি একজন কমব্যাট পাইলট। তাকে দেয়া হয়েছে ফ্লাইট সেফটি অফিসারের কাজ!

সকাল ন'টা থেকে আকাশ পরিষ্কার হতে শুরু করলো। সকাল এগারোটার দিকে আকাশ যেন একেবারে শরতের আকাশ! চারিদিকে নীল! মাঝেমাঝে এখানে সেখানে পেঁজা তুলোর মতো মেঘ! ঐ মেঘ

এখান থেকে ভেসে বেড়ায় ওখানে অথবা ওখান থেকে ভেসে বেড়ায় এখানে। ঐ মেঘে বৃষ্টি হয় না কখনোই!

ফ্লাইট লে: মতিউর রহমানের মুখে হাসি ফুটল। চোখ দুটোও যেন নেচে উঠল একটু। পুরু সানগ্লাসের ওপাশে ঐ নাচন কারো চোখেই পড়লো না! মুষ্ঠিবদ্ধ হলো ওর হাত! চোয়ালে বাঘের ক্ষিপ্রতা!

কী করতে যাচ্ছে সে ব্যাপারে মতিউর নিশ্চিত আর দৃঢ়প্রতিজ্ঞ। সকালের দিকে আবহাওয়া কিছুটা খারাপ থাকায় তার পরিকল্পনাটা প্রায় ভেস্তে যেতে বসেছিল। কিন্ত এখন শরতের আকাশের মতই ঝরঝরে তার মেজাজ!

পাঞ্জাবী পাইলট রশীদ মিনহাজ উড্ডয়নের প্র্যাকটিস করার জন্য টি-৩৩ বিমান নিয়ে রানওয়ে ধরে এগুচ্ছিলো। হঠাৎ বিমানটির সামনে এগিয়ে যান মতিউর রহমান, ইশারা দিয়ে রশীদকে বুঝালেন বিমানের পেছনের দিকে সমস্যা রয়েছে।

মতিউর রহমান ছিলেন পাকিস্তানি পাইলট অফিসার রশীদ মিনহাজের প্রশিক্ষক আর সেফটি অফিসার। তাই তার বিমান নিয়ে টেকঅফ করার ঠিক আগ মুহূর্তে মতিউরের ইশারা পেয়ে ইচ্ছে না থাকলেও বিমান থামালেন মিনহাজ। ট্যাক্সিংরত ক্যানোপি খোলা বিমানটা থামতে ইমতিউর বিমানের পাখায় লাফিয়ে উঠে সোজা পাইলটের পেছনের দ্বিতীয় আসনটায় বসে গেলেন। তারপর মিনহাজের মুখের মাস্ক সরিয়ে ক্লোরোফর্ম ভেজা রুমালটা মিনহাজের নাকে চেপে ধরলেন। ধ্বস্তাধস্তি করতে করতে জ্ঞান হারাল মিনহাজ। কিন্তু জ্ঞান হারাবার আগে বিমান ছিনতাইয়ের মেসেজটা কন্ট্রোল টাওয়ারে দিয়ে গেলেন মিনহাজ। এরপর, অজ্ঞান মিনহাজ রশীদকে পেছনের সিটে ঠেলে পাঠিয়ে, বিমানটি দ্রুত ভারত সীমান্তের দিকে চালিয়ে নিতে যাচ্ছিলেন মতিউর।

এয়ার ট্রাফিক কন্ট্রোল টাওয়ারের রেডিওতে হঠাৎ ভেসেএল 'ব্লুবার্ড ওয়ান সিক্স সিক্স ইজ হাইজ্যাকড'!' 'ব্লুবার্ড ওয়ান সিক্স সিক্স ইজ হাইজ্যাকড'!

মুহূর্তের ভেতর মাশরুর বিমানঘাঁটি সচকিত হয়ে উঠল। কর্তব্যরত এয়ার ট্রাফিক কন্ট্রোলার ফ্লাইট লেঃ আসেম রশীদ মেসেজটা শুনে মুহূর্তের জন্য অসার বোধ করলেন যেন। সে ধাতস্ত হয়ে উঠবার আগেই টি-৩৩ বিমানটা রানওয়ে ধরে হুস করে উড়ে বেড়িয়ে গেল, তারপর নিয়মমত ডানে টার্ন না নিয়ে বাঁয়ে মোড় নিয়ে খুব নিচু দিয়ে উড়ে দূর দিগন্তে অদৃশ্য হয়ে গেল।মতিউর ঐ বিমানের নাম দিয়েছিলো 'নীলপাখি'!

সলো ফ্লাইং-এর সময় টি-৩৩ বিমানের পেছনের সিটে প্যারাসুট থাকে না। তাই সিটটা অনেক বেশি নিচু হয়ে থাকে। এতে সুবিধা হল দূর থেকে মনে হবে পাইলট একাই আছে বিমানে। কিন্তু অসুবিধা হলো: একজন পাইলটের জন্য যতটা দৃষ্টিসীমা আবশ্যক, ততটা পাওয়া যাবে না। অগত্যা প্রায় অন্ধের মতই বিপদজনকভাবে টেকঅফ করলেন মতিউর। তারপর ডানে টার্ন না নিয়ে বায়ে টার্ন নিয়ে যতটা সম্ভব নিচু দিয়ে উড়ে চললেন যেন রাডারে তার বিমানটার অবস্থান ধরা না পড়ে। পেছনে স্ক্র্যাম্বল করে ছুটে আসা ফাইটার বিমানের হাত থেকে বাঁচতে হলে এর কোন বিকল্প নেই।

ট্রাফিক কন্ট্রোলার ফ্লাইট লেঃ আসেম রশীদ প্রথমেই ব্যাপারটা সেক্টর অপারেশন্স কমান্ডারকে জানালো। ব্লুবার্ড-১৬৬ এর এই ঘটনায় তিনি বিচলিত। তাই সিদ্ধান্ত দেবার বদলে তিনি একগাদা প্রশ্ন করতে থাকলেন।

ট্রাফিক কন্ট্রোলার ফ্লাইট লেঃ রশীদ তার ফোনটা শেষ করেই সময় নস্ট না করে সরাসরি এয়ার ডিফেন্স এলার্টহাটে কল দিলেন। এয়ার ডিফেন্স এলার্টহাটে সবসময় দুটো যুদ্ধবিমান উড়বার জন্য প্রস্তুত অবস্থায় থাকে, ব্যাপারটাকে এয়ারফোর্সের ভাষায় বলে 'স্ক্র্যাম্বলিং।'

লেঃ রশীদ ওখানে নির্দেশ পাঠালেন, 'আটি-থার্টি ইজ বিইং হাইজ্যাকড, স্ক্র্যাম্বল'! নির্দেশ পাওয়ার পরপরই দুটো এফ-৮৬ যুদ্ধবিমান আকাশে পাখা মেলল।পাশের বাদীন বিমানঘাঁটি থেকে আরও দুটোএফ-৮৬ আকাশে পাখা মেলল। উদ্দেশ্য ব্লুবার্ড-১৬৬ খুঁজে বের করা!

কিন্তু ব্লুবার্ড- ১৬৬ খুব নিচু দিয়ে উড়ে যাচ্ছিল বলে কোন রাডারই এর অবস্থান সনাক্ত করতে পারছিল না। এফ-৮৬ যুদ্ধবিমানের পাইলটেরা তাই অন্ধের মত আকাশে এপাশ ওপাশ উড়তে লাগল, কিন্তু রেডিওতে ব্লুবার্ড-১৬৬ কে এমন সব হম্বিতম্বি করতে লাগল যেন তারা সামনেই ব্লুবার্ডকে পরিষ্কার দেখতে পাচ্ছে আর যে কোন মুহূর্তে গুলি করে একে ভূপাতিত করতে যাচ্ছে। কিন্তু ব্লুবার্ড-১৬৬ এর রেডিও তখন সম্পূর্ণ নিরব। সময়ের হিসেব বলছে এতক্ষণে ব্লুবার্ড-১৬৬পাকিস্তানের আকাশসীমা প্রায় পেরিয়ে গেছে। তাই হাল ছেড়ে দিয়ে সবাই ব্লুবার্ডের-১৬৬ এর পাকিস্তানী পাইলট মিনহাজকে ইজেক্ট করে বেরিয়ে আসার নির্দেশ দিতে লাগল। ব্লুবার্ড-১৬৬ এর রেডিও তখনও সম্পূর্ণ নিরুত্তর।

ভারত-সীমান্ত থেকে আর মাত্র কয়েক মিনিট বাকি। এ সময় রশীদের জ্ঞান ফিরে আসে। শুরু হয় ধস্তাধস্তি। সর্বশক্তি দিয়ে সবকিছু ঠিক রাখার চেষ্টা করলেন মতিউর। কিন্তু না, আর পারলেন না! ধস্তাধস্তির একপর্যায়ে রশীদ ইজেক্ট সুইচ চাপলে মতিউর বিমান থেকে ছিটকে পড়েন। কিন্তু প্যারাসুট না থাকাতে তিনি মাটিতে পড়ে শহীদ হন। তাঁর মৃতদেহ বিমান বিধ্বস্তের স্থান হতে প্রায় আধা মাইল দূরে পাওয়া যায়।

মতিউর রহমান বিমান থেকে ছিটকে পরার কিছুক্ষণ পরে, নিয়ন্ত্রণহীন বিমানটি রশীদসহ ভারত-সীমান্ত হতে মাত্র ৩৫ মাইল দূরে পাকিস্তানের সিন্ধু প্রদেশের খাট্টা অঞ্চলের জিন্দাগ্রাম এলাকায় বালির পাহাড়ে আছড়ে পড়ে। মাশরুর বিমানঘাঁটির ৬৪ নটিক্যাল মাইল দূরে যেখানে মতিউরের বিমানটা বিধ্বস্ত হয়, সেখান থেকে আর মাত্র তিন মিনিটের পথ দূরেই ছিল ভারত-সীমান্ত।

ভারতীয়রা পাকিদের কথোপকথন ইন্টারসেপ্ট করে ততক্ষনে মতিউরের কথা জেনে গিয়েছিল এবং কিছু ভারতীয় যুদ্ধবিমান ভারতের আকাশে ঢোকার পর মতিউরের বিমানকে পাকি যুদ্ধবিমান থেকে বাঁচাতে আকাশে টহলও দিচ্ছিল।

পাঞ্জাবী পাইলট রশীদ মিনহাজকে পাকিস্তান সেনাবাহিনীর সবোর্চ্চ সম্মান 'নিশান-ই-হায়দার' উপাধি দেয়া হয়। তার নামে পাকিস্তান এয়ারফোরসের একটি ঘাঁটির নামকরণ করা হয়। করাচি শহরের একাধিক রাস্তার নাম দেয়া হয়েছে তার নামে।

পাকিস্তান সামরিক কর্তৃপক্ষ মতিউর রহমানের মৃতদেহ উদ্ধার করে মশরুর বিমানঘাঁটির চতুর্থ শ্রেণির কর্মচারীদের কবরস্থানে কোন রকম ধর্মীয় অনুষ্ঠানাদি ছাড়াই দাফন করে।

তার কবরের গায়ে বড় বড় হরফে লিখা ছিল 'গাদ্দার'!

৩০ আগস্ট ১৯৭১

জামাতের পত্রিকা দৈনিক সংগ্রামে মতিউর রহমান নিজামী একটি উপ-সম্পাদকীয় লিখেন।

শীরোনাম  'আমরা গর্বিত'। পাঞ্জাবী পাইলট রশীদ মিনহাজের মৃত্যুতে তার এই গর্ব!

১ সেপ্টেম্বর ১৯৭১

'শহীদ মিনহাজের জীবনের শেষ মুহূর্ত'  শীরোনামে তিনি আরেকটি লেখা লেখেন।

৭ সেপ্টেম্বর ১৯৭১

ছাত্রসংঘ এর প্রধান মতিউর রহমান নিজামী, মিনহাজের পিতার কাছে একটি শোক-বার্তা পাঠান। সেই শোক-বার্তায় তিনি 'মতিউরকে ভারতের এজেন্ট বলে উল্লেখ করেন। ওখানে তিনি আরো উল্লেখ করেন যে, পাকিস্তানী ছাত্রসমাজ তার পুত্রের মহান আত্মত্যাগে গর্বিত। ভারতীয় দালাল ও এজেন্টের মোকাবেলায় মহান মিনহাজের গৌরবোজ্জ্বল ভূমিকা অক্ষুণ্ন রাখতে তারা বদ্ধপরিকর'!

স্বাধীনতার দীর্ঘ ৩৫ বছর পর, ২০০৬ সালের ২৩ জুন বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফট্যানেন্ট মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্তান হতে বাংলাদেশে ফিরিয়ে আনা হয় এবং পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় ২৬ জুন মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় তাকে সমাহিত করা হয়।

বীরের কবরে লেখাছিল 'গাদ্দার'। ৩৫ বছর ধরে কী নিষ্ঠুর যাতনা! কী নির্বোধ পরিহাস! এ যে বিরাট পাপ! বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফট্যানেন্ট মতিউর রহমান, ২৬ জুন, ২০০৬ আমাদের 'পাপ-মুক্তির' দিন! আমাদের 'শুদ্ধতার দিন'!

-ডাঃ সিনহা মনসুর, ফিজিশিয়ান রাইটার।



বীরশ্রেষ্ঠ মতিউর রহমান

**50th Anniversary of Bangladesh**
**- Samin Rahman, Student, NYIT, NY**

I have lived a life of privilege and comfort and have been fortunate enough to never know true hardship in my 24 years. As a first generation Bangladeshi-American, most of what I know of Bangladeshi history and of the difficulties that were overcome 50 years ago are through firsthand accounts from my parents. Hearing their memories and experiences helps me feel closer to my heritage. Learning of the adversity and struggles that Bangladeshis have overcome makes me value the most important piece of my culture that I carry, Bangla language. During my travels to Bangladesh I was fortunate enough to see how Bangladeshis have selflessly helped Rohingya Refugees in Cox’s Bazar. It was of particular interest to me to see how the healthcare system operates in Bangladesh. As a future Physician I seek to learn more about healthcare challenges that Bangladeshis in America grapple with. I believe modifications in social factors and improvements in patient education would promote positive change in the health of Bangladeshi patients and hope to advocate for them as a Physician.



প্রিয় স্বদেশ
**মঈনউদ্দিন মুনশী**

দৃষ্টি জুড়ে নয়
তবুও তোমায় দেখি
নক্ষত্রের কাছাকাছি,
ফুল থেকে দূরে নয়
হাত বাড়ালেই ছোঁয়া যায়।

আকাশ চোখের সমুখে,
সূর্য তোমার কপোল জুড়ে
আলোর কেমন বিন্যাস বলো
হৃদয় দুয়ার খুলে গেলো।

তখন অতটা ছিল না
মনের গভীরে দোলা
প্রজাপতি তোমার বসন
হেমন্তে চঞ্চল ভুবন।

জীবন গভীর হয়
রাত্রির মতন ভাঙা মন,
দিনের আলোর কম নয়
শিউলির সুবাস যেমন।



ভয়

~ডাঃ মোহাম্মাদ নাকিবউদ্দীন

---

ভয় যদি কর তুমি তুলির আঁচড়,
নিমেষেই ক্ষেপে গিয়ে বসাও কামড়-
দুর্বলতাটুকু হয় যে খবর,

ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি গায়কের সুর,
বাঁশী কেড়ে দাও বাঁশ-ই, ঘুষি, অসুর-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি রাজপথ কবি,
গুঁড়িয়ে শ্লোগান-গান, কান্নার ছবি-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি পেন্সিল রেখা,
আক্রোশে থামিয়ে দাও, শিল্পীর আঁকা-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি লেখক কলম,
পাঠাও পোষা পেশী, টিকটিকি, যম-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি প্রতিবাদী স্বর,
টুঁটিচেপে বল তারে, এই ব্যাটা মর-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি সত্য-সংবাদ
সত্যডালায় তালা, ধূলায় বরবাদ-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি, স্বাধীন মনন,
বিষবাষ্পে কর, চেতনা হনন-
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

ভয় যদি কর তুমি যুবক কিশোর,
নিহত আহত অপমানে জর্জর,
জেনো নিহত আহত তারা হয় যে অমর।
শোনো আওয়াজ ডানা মেলে মুক্ত ভ্রমর।
দুর্বলতাটুকু হয় যে খবর,
ধৈর্য্য নাই নাই, আঁধার বিবর।

মনে রেখো একদিন, তোমারও শুরু,
বজ্রকন্ঠে দীক্ষাগুরু,
নির্ভীক প্রতিবাদী চোখ-মুখ-ভুরু,
স্বাধীনতা-বীজ, পঞ্চাশে তরু।

ঠগ বাছতে কেন গাঁ উজার?
পাবে নাকো নিখাদ, মানুষ আবার।
পাবে শুধু মীরজাফর, লোভী, চাটুকার-
ইতিহাস নির্মম - শিক্ষা সবার।

গড় দেশ, অশেষ, নি:শঙ্ক প্রহর,
কর খোলসবন্দী, আতঙ্ক-হাঙর।
দুর্বলতা যেন, হয় না খবর,
সফলতা নির্ভয়, অজর, আপামর।

আমার দেশ

~ডাঃ মোহাম্মাদ নাকিবউদ্দীন

কি সুন্দর আমার দেশ!
অতলস্পর্শী তুলির আঁচড়ে,
দেদীপ্য অনিমেষ।

কি মিষ্টি মধুর সুর!
নদী নিরবধি, পথ ভুলে যদি-
মেঘবালিকারা, বহুদূর।

কি দুর্জয় অর্জন!
সবুজ প্রতিবাদে, উত্তাল লাল,
অলি-গলি-পলি, গর্জন।

কি জ্বলজ্বলে অক্ষর!
বাহান্ন নাছোড়, অমর আপামর,
ভাস্বর একাত্তর।

কি কোমল চপল হৃদয়!
দু'হাত বাড়ায়ে, দিগন্ত ছাড়ায়ে
প্রগাঢ় প্রেম প্রলয়।

হেথা আস যদি একবার, দিনে দিনমণি, রাতে জ্যোৎস্না-জননী-
পথ, হারাবে না কভু আর।

ডাঃ মোহাম্মাদ  নাকিবউদ্দীন, বর্তমানে জন্স হপকিন্স স্কুল অফ মেডিসিন, বাল্টিমোর-এ গবেষক-চিকিৎসক হিসাবে কর্মরত আছেন। ক্লিনিকাল গবেষণার পাশাপাশি তিনি নিয়মিত লেখালিখি, আবৃত্তি, উপস্থাপনা, জনস্বাস্থ্য বিষয়ে ভয়েস অফ আমেরিকাসহ বিভিন্ন পাবলিক মিডিয়াতে সমসাময়িক চিকিৎসা নিয়ে আলোচনা করে থাকেন। মেডিকেল ও কলেজ ছাত্রজীবনে জাতীয় টেলিভশন বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশে দেশসেরা বিতার্কিক হয়েছিলেন। পরবর্তীতে বাংলাদেশ টেলিভশন-এ  সাধারণ জ্ঞান প্রতিযোগিতার অনুষ্ঠান, "বলুন দেখি" অনুষ্ঠান সাফল্যের সাথে উপস্থাপনা করে সেরা উপস্থাপকের পুরস্কার লাভ করেছিলেন।



বি এম আতিকুজ্জামান

স্বাধীনতার পঞ্চাশ বছর: নারী স্বাধীনতার বিজয় এবং বাংলাদেশের বিজয়

কদিন আগে আমার একজন প্রিয় মানুষ চিত্রা সুলতানা একটি অসাধারণ ছবি এঁকেছেন।
ছবিটির নাম 'স্বাধীনতা'। বিশ্ব নারী দিবসে এ ছবিটি তিনি এঁকেছিলেন। চারুকলার ছাত্রী তিনি।অনেকদিন ছবি আঁকেননি। করোনাকালীন সময়ে আবার ছবি আঁকা শুরু করেছেন তিনি।
ছবিটি অসাধারণ।আমি ছবির সমালোচক বা বোদ্ধা নই।  তবে আমার মনে হয়েছে এ ছবিটি জুড়ে আছে নারী, স্বাধীনতা আর আমার বাংলাদেশ।
আমার মনে হয়েছে এ ছবির তামাটে রঙের রূপবান বাংলাদেশের নারীকে ফুটিয়ে তুলেছে আর সেই নারী খাঁচা থেকে বেরিয়ে এনেছেন শিক্ষা, অধিকার, সমতা এবং আত্মনির্ভরশীলতা।
পঞ্চাশ বছর আগে গণহত্যা, দারিদ্র্য, ক্ষুধা আর নিপীড়ণের মাঝে জন্ম বাংলাদেশের।হেনরি কিসিঞ্জার বলেছিলেন, 'তলাবিহীন ঝুঁড়ি'। জন্ম নেবার পর বাংলাদেশ মুখোমুখি হয়েছে একের পর এক আন্তর্জাতিক এবং অভ্যন্তরীণ ষড়যন্ত্রের।
জন্ম নেবার ক বছরের মাঝে অমানবিকভাবে হারিয়েছে জাতির পিতা আর তার পুরো পরিবারকে। সামরিক শাসন পঙ্গু করেছে গণতন্ত্রের বিকাশকে।ডালপালা গজিয়েছে দুর্নীতি, মৌলবাদ আর রাজনৈতিক অসহিষ্ণুতা। বছরের পর বছর প্রাকৃতিক দুর্যোগ
কিন্তু ধীরে ধীরে অর্থনৈতিক প্রবৃদ্ধি বেড়েছে, এমনকি এই করোনাকালে এই প্রবৃদ্ধির হার হয়েছে ঈর্ষণীয় আট শতাংশে। মানুষের গড় আয়ু বেড়েছে বাহাত্তুর বছরে। মাথাপিছু আয় হয়েছে দু হাজার ডলারের ওপরে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে দাঁড়িয়েছে বেয়াল্লিশ বিলিয়ন ডলারে। শিশু মৃত্যুর হার কমে হয়েছে প্রতি হাজারে পঁচিশ জন। শতকরা আটানব্বই ভাল মানুষ পেয়েছে প্রাথমিক শিক্ষা।
১৯৮০ র দিকেও প্রায় এক তৃতীয়াংশ মানুষ এলিমেন্টারি স্কুল ছেড়ে বের বটে পারেনি। মেয়েরা স্কুলে যেত খুব কম। আর  মহিলাদের অর্থনীতিতে ভূমিকা ছিল খুবই কম। কিন্তু সরকার, বেসরকারি সংস্থা গুলো তখন থেকে মেয়েদের শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করলো। আজ শতকরা আটানব্বই ভাগ মেয়ে শিশু এলিমেন্টারি স্কুল শেষ করছে। আজ হাই স্কুল গুলোতে মেয়েরা সংখ্যায় এগিয়ে আছে ছেলেদের চেয়ে।
বাংলাদেশের পঞ্চাশ বছরের সবচাইতে অভাবনীয় রূপান্তর হলো নারীদের অবস্থার পরিবর্তন। আর সেটি শুরু হয়েছে একেবারে দরিদ্র নারীদের দিয়ে। প্রাথমিক শিক্ষা, জন্ম নিয়ন্ত্রণ, ক্ষুদ্র ঋণ আর মুঠো ফোনের বিপ্লব বাংলাদেশের নারী এবং অর্থনীতিকে বদলে দিয়েছে। দারিদ্র বিমোচনের সংগ্রাম আর নারী শিক্ষা এবং স্বাধীনতার অসাধারণ প্রচেষ্টা বাংলাদেশকে নিয়ে গেছে বিস্ময়ের উচ্চতায়।
বাংলাদেশের শিক্ষিত এবং আত্মনির্ভরশীল নারীরা বাংলাদেশকে নিয়ে গিয়েছে অন্য উচ্চতায়। পোশাকশিল্পে বাংলাদেশের নারীরা বাংলাদেশকে বসিয়ে দিয়েছে চীনের পরের অবস্থানে।
অবশ্যই মেনে নিচ্ছি দুর্নীতি, নারী নির্যাতন, অবিচার, শোষণ, মৌলবাদের উত্থানের ভয়, বিচার বহির্ভূত হত্যাকান্ড বাংলাদেশে আছে। কিন্তু সেসব কিছু ছাপিয়ে বাংলাদেশ এখন বেসরকারি আর সরকারি প্রতিষ্ঠানে নারীদের বিচরণ নিশ্চিত করেছে।
শিশুরা টিকা পাচ্ছে, পয়ঃনিষ্কাশনের ব্যাবস্থা হচ্ছে, মানুষরা উচ্চ শিক্ষার প্রতি আকৃষ্ট হচ্ছে, বললো বিবাহ কমছে, রাজনৈতিক অস্থিরতা কমছে।
বাংলাদেশ এখন একটি অনুপ্রেরণার নাম।  একটি বিজয়ের নাম। স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তিতে এর চাইতে ভালো খবর আর কি হতে পারে?

